

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৭৭) শরীয়ত সম্মত ঝাড়ফুঁক কী কী?

উত্তরঃ শরীয়ত সম্মত ঝাড়ফুঁক হচ্ছে, যা বিশেষ করে কুরআন ও সহীহ হাদীছে বর্ণিত হয়েছে এবং তা আরবী ভাষায় হতে হবে। ঝাড়ফুঁক কারী এবং যার জন্যে করা হবে উভয়ই এ বিশ্বাস পোষণ করবে যে, ঝাড়-ফুঁকের প্রভাব কেবল আল্লাহ্ তাআলার ইচ্ছা ও হুকুমেই হয়ে থাকে। নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়া সাল্লাম কে জিবরীল ফেরেশতা ঝাড়ফুঁক করেছেন। তিনিও অনেক সাহাবীকে ঝাড়ফুঁক করেছেন এবং সাহাবীদের এ কাজকে সমর্থন করেছেন। শুধু তাই নয়; তিনি ঝাড়ফুঁক করার আদেশ দিয়েছেন এবং তার বিনিময়ে পয়সা গ্রহণ করাও হালাল করেছেন। এ সব বর্ণনা বুখারী ও মুসলিমসহ অন্যান্য হাদীছের গ্রন্থেও রয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11991

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন